মুজিবনগরে ইউ এন ও এর নাম করে বিভিন্ন জনের কাছে টাকা দাবি

মুজিবনগরে ০১৯৫৬৪৫৬১৮৬ এই বাংলালিংক নাম্বার যার কলার আইডি ইউ এন ও উলিপুর (এট) সানি নামে সেভ কারা আছে এই নাম্বার থেকে কল করে ইউ এন ও, মুজিবনগর পরিচয় দিয়ে স্কুলের প্রধান শিক্ষকদের মোবাইল নাম্বার চাওয়া সহ মেম্বারদের কাছে ফোন দিয়ে টাকা চেয়ে প্রতারণার চেষ্ট করে একটি প্রতারক চক্র।

বুধবার সন্ধায় বাগোয়ান ইউনিয়নের ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক কে ফোন দিয়ে মুজিবনগরের ইউএনও পরিচয় দিয়ে তার ওয়ার্ডের স্কুলের সংখ্যা এবং প্রধান শিক্ষ এটি একটি প্রতারণা চক্র কদের মোবাইল নাম্বার চাই এ সময় তার সন্দেহ হলে তিনি সরাসরি মুজিবনগর নির্বাহী অফিসার কে ফোন দিয়ে বিষয়টা জানালে তখনই প্রতারণার বিষয়টি ধরা পড়ে।

একই সময় বাগোয়ান ইউনিয়ন পরিষদের ১ নং সদস্য রফিকুল ইসলাম রফিককেও ফোন দিয়ে টাকা চাওয়া হয়।

এ বিষয়ে ওয়ার্ড সদস্য রফিক বলেন আমাকে ফোন দিয়ে বলা হয় আমি মুজিবনগর ইউএনও বলছি আমার গাড়ি খারাপ হয়ে গেছে আমাকে এখনই বিকাশে ৩ হাজার টাকা পাঠান এবং এসে আমাকে নিয়ে উপজেলায় পৌঁছিয়ে দেন কিন্তু কোন জায়গায় থেকে নিয়ে আসতে হবে সেটি বলেননি।

এ সময় আমি বলি আমার কাছে টাকা নাই। পরে তিনি ফোন কেটে দেন এবং বিষয়টি সন্দেহ হলে ইউএনও স্যারকে ফোন দিলে পরিষ্কার হয় যে এটি একটি প্রতারণা।

প্রতারণা বিষয়ে মুজিবনগর নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, এটি একটি প্রতারক চক্র আমি এ বিষয়ে সবাইকে বলে দিয়েছি এবং থানার ওসি সাহেবকেও বলেছি এবং সবাইকে এই প্রতারকের প্রতারণা থেকে সতর্ক থাকার জন্য বলেছি এবং ফেসবুকে একটি পোস্ট করেছি।সবাইকে সচেতন থাকতে বলেছি।

কোটচাঁদপুরে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত

সময়মতো নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি এ শ্লোগানে কোটচাঁদপুরে সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার উপজেলা সম্মেলন কক্ষে এ সভা করা হয়।

এ্যাডভোকেসি সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবু হেনা মোস্তাফিজ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি ফারজেল হোসেন মন্ডল, সাবদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান, কোটচাঁদপুর পৌর সভার প্যানেল মেয়র জাহিদ হোসেন।

এ সময় বক্তব্য রাখেন, কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী। এ ছাড়া উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, সাংবাদিক নজরুল ইসলাম ও সুব্রত কুমার। এর আগে কোরাআন তেলোয়াত করেন,খায়রুল বাশার,গীতা পাঠ করেন,গীতা চৌধুরী।

গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা

গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১ টায় উপজেলা পরিষদের সভাকক্ষে এ আেলোাচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিতে প্রধান অতিথি

ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। এসময় উপস্থিত ছিলেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক সহ বিভিন্ন কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা ও ইউপি চেয়ারম্যান বৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

‘চাই সত্য উচ্চারনের অধিকার’ এ স্লোগানে শহীদ বুদ্ধিজীবী দিবসে শহীদদের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে মেহেরপুর জেলা বিএনপি।

আজ বুধবার সকালে জেলা পরিষদের সামনে স্মৃতিসৌধে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সহ- সভাপতি আব্দুর রহমান, সহ- সভাপতি ইলিয়াস হোসেন, সহ- সভাপতি হাবিবুর রহমান হবু, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস,সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা মহিলা দলের সভাপতি সাইহেদাতুন নেছা, বিএনপির নেতা শাহাবুদ্দিন মোল্লা, সহ যুবদল, স্বেচ্ছাসেবকদল, ছাত্রদল, কৃষক দল ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় থেকে র্যালি বের হয়। র্যালিটি মেহেরপুরের প্রধান শহর প্রদক্ষিণ করে জেলা পরিষদের সামনে এসে শেষ হয়।

মুজিবনগরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় সহিত পালন করা হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস। মুজিবনগরে ১৪ই ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মুজিবনগর মুক্তযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এর স্মৃতিসৌধে পু্ষ্পস্তবক অর্পন করে মহান মুক্তিযুদ্ধ এবং পরবর্তীতে সকল শহীদদের প্রতিশ্রদ্ধা জানানো হয়।

পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান, উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান এর নেতৃত্বে বীর মুক্তিযোদ্ধাবৃন্দ,উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম।
পুষ্পস্তবক অর্পণ শেষে স্মৃতিসৌধ প্রাঙ্গনে মহান মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।
পরে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, উপজেলা পরিষদ অডিটরিয়ামে শহীদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব এর সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, উপজেলা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন,বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান।

মহান মুক্তিযুদ্ধে নিশ্চিত পরাজয় জানতে পেরে পাকিস্তানি দালাল রাজাকার, আলবদর, আলশামস, এর সহযোগিতায় পাকবাহিনী বাংলাদেশকে মেধাশূন্য করার জন্য কিভাবে নিশংসভাবে দেশের বুদ্ধিজীবীদের হত্যা করে। সে বিষয়ের উপরে বিস্তারিত আলোচনা করেন আলোচকরা। সময় উপজেলার বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, সাংবাদিক, শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় আবাসিক হোটেলে কলেজছাত্রীর মৃত্যু

কুষ্টিয়ায় একটি আবাসিক হোটেলে শয্যা বিশ্বাস (১৮) নামে এক কলেজছাত্রীর মৃত্যু হয়েছে। গতকাল মঙ্গলবার (১৩ ডিসেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে শহরের মজমপুর এলাকার রাতুল আবাসিক হোটেলে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় সৌরভ সরকার জয় নামে এক যুবককে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নেওয়া হয়েছে। সৌরভ টাঙ্গাইল জেলা সদরের বাসিন্দা। তিনি ঢাকায় একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন।

নিহত শয্যা বিশ্বাস কুষ্টিয়ার খোকসা উপজেলার জানিপুর ইউনিয়নের ঈশ্বরদী গ্রামের উদায় বিশ্বাসের মেয়ে ও খোকসা সরকারি ডিগ্রী কলেজের দ্বাদশ শ্রেণির ছাত্রী তিনি।

পুলিশ সূত্রে জানা গেছে, গত রবিবার (১১ ডিসেম্বর) দুপুরে কুষ্টিয়া শহরের মজমপুর এলাকার রাতুল আবাসিক হোটেলে আসেন তারা। সেখানেই দুজন অবস্থান করছিল। গতকাল মঙ্গলবার (১৩ ডিসেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে হঠাৎ করেই শয্যা বিশ্বাস অসুস্থতা বোধ করলে দ্রুত কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়ার পথে মারা যান তিনি। নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

এ বিষয়ে রাতুল আবাসিক হোটেলের ম্যানেজার রিপন বলেন, রবিবার (১১ ডিসেম্বর) দুপুরে তারা দুজন স্বামী-স্ত্রী পরিচয়ে হোটেলে উঠেছিলেন।
তারা হোটেলেই অবস্থান করছিল। সন্ধ্যার দিকে শয্যা বিশ্বাস নামে ওই নারী অসুস্থ হলে তাকে হাসপাতালে নেওয়ার পথে মারা যান তিনি।

এ ব্যাপারে নিহতের পিতা উদায় বিশ্বাস বলেন, রবিবার (১১ডিসেম্বর ) সকালে শয্যা বিশ্বাস কলেজ যাওয়ার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়। পরে বেলা গড়িয়ে সন্ধ্যা হলে আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের বাড়ি বাড়ি খোঁজখবর করে না পেয়ে আজ সন্ধ্যায় থানায় অভিযোগ দিতে যাবো

ভাবছি। ঠিক সন্ধ্যার দিকে মোবাইল ফোনে শয্যার মৃত্যুর খবর আসে। এটি স্বাভাবিক মৃত্যু নয়, তাকে হত্যা করা হয়েছে। অবশ্যই এ ব্যাপারে থানায় আমরা মামলা দায়ের করবো।

এ ব্যাপারে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার আশরাফুল ইসলামের সঙ্গে মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলে তিনি কলটি রিসিভ করেননি।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেলোয়ার হোসেন খান বলেন,আবাসিক হোটেলে ওই কলেজছাত্রীর মৃত্যুর ঘটনা শুনে পুলিশ সেখানে যায়। তবে তার মৃত্যুর সঠিক কোনো কারণ জানা যায়নি। তবে ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে। এঘটনায় হোটেলে নিহত কলেজছাত্রীর সঙ্গে অবস্থানরত সৌরভ নামে এক যুবককে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে আসা হয়েছে। তবে ওই যুবকের দাবি, তারা দুজন স্বামী-স্ত্রী। তবে এ ব্যাপারে এখন পর্যন্ত থানায় কোনো অভিযোগ দেয়নি নিহতের পরিবারের লোকজন। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় ছাত্রলীগ নেতা শিপুসহ ৬জন আটক

অনলাইন জুয়ার সাথে জড়িত থাকায় গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে আটক করেছে পুলিশ।
গতকাল মঙ্গলবার রাত সাড়ে আটটা থেকে দীর্ঘ সময় গাংনী শহরে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায় মেহেরপুরে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনের নেতৃত্বে পুলিশের একাধিক টিম। অভিযানে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, ডিবির ওসি সাইফুল আলমসহ ডিবি পুলিশ ও পুলিশের একাধিক টিম অংশ নেয়।
অভিযান শেষে রাত ১১টার দিকে তাদেরকে মেহেরপুর ডিবি কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। আটকরা হচ্ছেন- সাবেক ছাত্রলীগ নেতা শাহিদুজ্জামান

শিপু, গাংনী সরকারি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, গাংনী বাজার কমিটির সদস্য বিপুল হোসেন, মালসাহ গ্রামের চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। পুলিশ সুত্রে জানা গেছে, গাংনী উত্তরপাড়া শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অনলাইনে জুয়া খেলা হয়। শিপুর মাধ্যমে অনেক মানুষ জুয়ার খেলার সাথে সম্পৃক্ত। এর মাধ্যমে টাকা পাচার হচ্ছে বিদেশে। এমন অভিযোগে ডিবি ও গাংনী থানা পুলিশের দুটি দল রাতে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায়। এসময় শিপুসহ কয়েকজন সেখানে প্রতিদিনের ন্যায় বসে ছিল। তাদের ব্যবহৃত ১৪টি মোবাইল ডিভাইস জব্দ করে প্রাথমিক পরীক্ষা করে। দীর্ঘ সময় ধরে মোবাইল পরীক্ষা-নিরিক্ষা করে রাত ১১টার দিকে তাদের ছয়জনকে পুলিশ হেফাজতে নিয়ে যায়।
অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন জানান, সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ছয় জনকে অনলাইন জুয়ার সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়ায় তাদের আটক করা হয়েছে। তাদের কাছ থেকে ডিজিটাল ডিভাইস হিসেবে ১৪টি মোবাইল ও সিম জব্দ করা হয়েছে। জিজ্ঞাসাবাদ ও ডিভাইসগুলো প্রয়োজনীয় পরীক্ষা শেষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জীবননগরে মাদক সংক্রান্ত বিরোধের জেরে বিজিবির সোর্সকে কুপিয়ে হত্যা

জীবননগরে মাদক সংক্রান্ত বিরোধের জেরে প্রতিপক্ষের ধারালো অস্ত্রের আঘাতে বিজিবির সোর্স তারিককে কুপিয়ে হত্যা করেছে মাদক কারবারীরা।
মঙ্গলবার সকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। ঘটনাস্থল পরিদর্শন করেছেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মোঃ আবু তারেক, (দামুড়হুদা,জীবননগর)সার্কেল সিনিয়ার সহকারী পুলিশ সুপার মুন্না বিশ্বাস, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক ও বিজিবির সদস্যরা।

নিহত তারিক (৪০) জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রামের মসজিদ পাড়ার রবগুল হোসেনের ছেলে ও স্থানীয় বিজিবির সোর্স।
স্থানীয় সুত্রে জানা গেছে, তারিক দীর্ঘ দিনযাবৎবিজিবির সোর্স হিসাবে কাজ করছে যার ফলে সীমান্ত এলাকায় যে সমস্থ মাদক ব্যবসায়ী আছে তারা হয়ত তাকে এ ভাবে হত্যা করতে পারে।
অতিরিক্ত পুলিশসুপার (প্রশাসন) মো: আবু তারেক বলেন, সোমবার রাত ১টার দিকে জীবননগর গয়েশপুর সীমান্তের ৬৮ নং মেইন পিলারে কাছে বাংলাদেশের অভ্যন্তরে কয়েক জন মাদক কারবারী ভারত থেকে ফেনসিডিল আনার জন্য যায়। এসময় তারা বিজিবির সোর্স তারিককে দেখতে পেয়ে এলোপাতাড়ি কুপিয়ে রক্তাক্ত জখম করে ফেলে রেখে পালিয়ে যায়।
পরে বিজিবির সদস্যরা তারিককে রক্তাত্ব অবস্থায় উদ্ধার করে তার পরিবারের লোক জনের নিকট হস্তান্তর করে।পরে তারিকের পরিবারের সদস্য রাজীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। মঙ্গলবার সকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায়তার মৃত্যু হয়।
তিনি আরও বলেন,এহত্যা কান্ডের ঘটনায় যারা জড়িত তাদের নাম আমরা কিছুটা জানতে পেরেছি।এটা তদন্ত করা হচ্ছে । ঘটনার সাথে জড়িতদের আটকের জন্য পুলিশ কাজ করছে।

মেহেরপুর জেলা বিএনপির প্রতিবাদ সমাবেশ

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসসহ গ্রেফতারকৃত নেতাদের নি:শর্ত মুক্তির দাবিতে প্রতিবাদ সমাবেশ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ মঙ্গলবার (১৩ইং ডিসেম্বর) বিকেলে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্টিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের

সভাপতিত্বে বক্তব্য রাখেন সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ বাবলু মাস্টার, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ সেন্টু, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহম্মেদ বিজন,সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক আসাদুজ্জামান বাবলু,মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস,জেলা বিএনপির সংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো,জেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলাম,জেলা স্বেচ্ছাসেবক দলের সংগঠনিক সম্পাদক আহম্মেদ রাজিব খান, জেলা মহিলা দলের সভাপতি সাইহেদাতুন নেছা নয়ন ও জেলা ছাত্রদলের সিনিয়র সভাপতি আবির জাভেদ সেনজিন সহ বিভিন্ন অঙ্গসংগঠনের শত শত নেতা কর্মী উপস্থিত ছিলেন।

সমাবেশ সঞ্চালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে নৌকা বাইচ প্রতিযোগিতা

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে গ্রাম বাংলার ঐতিহ্যবাহী খেলা নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

মঙ্গলবার বিকেলে গোভিপুর ব্রিজ সংলগ্ন ভৈরব নদে এই নৌকা বাইচের আয়োজন করা হয়।

নৌকা বাইচ প্রতিযোগিতায় ৫টি টিম অংশগ্রহণ করে। মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন, বারাদি ইউনিয়ন, আমদাহ ইউনিয়ন, বুড়িপোতা ইউনিয়ন এবং কুতুবপুর ইউনিয়ন পরিষদ। নৌকা বাইচ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছে পিরোজপুর ইউনিয়ন, ২য় স্থান অধিকার করেছে বারাদি ইউনিয়ন, ৩য় স্থান অধিকার করেছে বুড়িপোতা ইউনিয়ন পরিষদ। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ ওবায়দুল্লাহর